শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭।

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩. ১৭৯০ | তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ।

## আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এ বিভিন্ন অনুষদের অধীন বিভাগসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার (বি আর্ক) প্রোগ্রামে ভর্তির জন্য ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হইবে। এই প্রেক্ষিতে উপযুক্ত প্রার্থীদের নিকট হইতে Online এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

Online Application Form ও ভর্তি বিষয়ক তথ্যাবলী http://admission.duetbd.org/ এ পাওয়া যাইবে। ভর্তি পরীক্ষার আবেদন ফি' বাবদ ১২৯০/- (এক হাজার দুইশত নব্বই) টাকা Nagad/Rocket/bKash মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করিতে হইবে।

**প্রার্থীর সাধারণ ও শিক্ষাগত যোগ্যতা :-**

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল বা সমমানের পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বর অথবা ৫.০০ এর স্কেলে ন্যূনতম GPA ৩.০০ (ঐচ্ছিক বিষয়সহ) পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

গ) প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার-এ গড়ে ন্যূনতম ৬০% নম্বর অথবা ৪.০০ এর স্কেলে ন্যূনতম CGPA ৩.০০ পাইয়া উত্তীর্ণ হইতে হইবে।

ঘ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার পরীক্ষায় ২০২১ ও তৎপরবর্তী সনে উত্তীর্ণ শিক্ষার্থীরাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে। তবে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সেক্টর কর্পোরেশন-এ শিক্ষকতাসহ অন্যান্য পদে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না।

ঙ) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩ প্রসপেক্টাস এর ৪(ক) ছক অনুযায়ী উল্লেখিত বিভাগসমূহে ভর্তির জন্য আবেদন করা যাইবে।

চ) একাধিক বিভাগে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে প্রার্থীকে পৃথক পৃথকভাবে আবেদন করিতে হইবে।

ছ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

জ) বিদেশী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রার্থীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আবেদন করিতে হইবে। উল্লেখ্য, Online-এ ভর্তির প্রক্রিয়া বিদেশী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নহে। তবে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত তথ্য http://www.duet.ac.bd/ হইতে সংগ্রহ করা যাইবে।

Online নির্দেশনা এবং Nagad/Rocket/bKash মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত ফি' প্রদানপূর্বক প্রার্থীগণ ১০/০৭/২০২৩ খ্রিঃ সোমবার সকাল ১০:০০ ঘটিকা হইতে ০৩/০৮/২০২৩ খ্রিঃ বৃহস্পতিবার বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত আবেদন করিতে পারিবে।

স্বাক্ষরিত/-
সভাপতি
ভর্তি পরীক্ষা কমিটি ২০২২-২০২৩
আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩. ১৭৯০ | তারিখ : ২৫/০৬/২০২৩ খ্রিঃ।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**
(তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান।
৪। কো-অর্ডিনেটর, ভর্তি পরীক্ষা কমিটি ২০২২-২০২৩, আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম।
৫। সকল সদস্য, ভর্তি পরীক্ষা কমিটি ২০২২-২০২৩, আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম।
৬। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৭। চেয়ারম্যান, আইসিটি সেল ম্যানেজমেন্ট কমিটি।
৮। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), কম্পট্রোলার অফিস।
৯। এডিশনাল কম্পট্রোলার (চলতি দায়িত্ব), অডিট সেল।
১০। সকল নোটিশ বোর্ড।
১১। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

25.06.23

(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)